দৈনিক খবর

তারিখ ..05 FEB 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... 2

16

# ঢাকা ভার্সিটির স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তি পরীক্ষার সময়সূচী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগ ১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর প্রথম পর্ব শ্রেণীর ভর্তি পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছে।

ঘোষণা অনুযায়ী নিম্নোক্ত বিভাগসমূহের ভর্তি পরীক্ষা তাদের পাশে বর্ণিত তারিখ ও সময় অনুসারে অনুষ্ঠিত হবে। পদার্থ বিজ্ঞান-১৩ই ফেব্রুয়ারী (বুধবার) বেলা ২টায়। রসায়ন-১০ই ফেব্রুয়ারী (রবিবার) সকাল ১০টায় ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি১১ই ফেব্রুয়ারী (সোমবার) বেলা ২টায়। ভূগোল-৯ই ফেব্রুয়ারী (শনিবার) [illegible] ১০টায়। গণিত।১৬ই ফেব্রুয়ারী (শনিবার) বেলা ২টায়। প্রাণিবিদ্যা-৬ই ফেব্রুয়ারী (বুধবার) সকাল ১০-৩০ মিনিটে এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৩ই ফেব্রুয়ারী (বুধবার) বিকেল ২-৩০মিঃ। পরীক্ষার স্থান সংশ্লিষ্ট বিভাগীয় নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীমউদ্দীন হলের সপ্তাহব্যাপী সাহিত্যিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতা গত শনিবার শেষ হয়েছে। সাহিত্য প্রতিযোগিতায় মোঃ আমিনুর রহমান এবং সাংস্কৃতিক প্রতিযোগিতায় খায়রুল ইসলাম বাকী চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

প্রতিযোগিতার সমাপ্তি দিনে হল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা এবং অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে সার্টিফিকেট বিতরণ করেন উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ। হলের প্রাধ্যক্ষ ও হল সংসদের সভাপতি অধ্যাপক এ এ এম বাকেরের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন হলের ভারপ্রাপ্ত জিএস মোঃ হাবিবুর রহমান হাবিব